بسم الله الرحمن الرحيم

সত্যের আধুনিক প্রকাশ
◆
মাকতাবাতুল ফুরকান
www.islamibooks.com



Revised Edition, Mar 2023

مكتبة الفرقان

*365 Days with Sahaba*—এর অনুবাদ

# সারাবছর, প্রতিদিন সাহাবীদের গল্প

**মুহাম্মাদ খালিদ পারভেজ**

অনুবাদ
**মুহাম্মাদ তৈয়বুর রহমান**

সম্পাদনা
**মুহাম্মাদ আদম আলী**

MAKTABATUL FURQAN
PUBLICATIONS
ঢাকা, বাংলাদেশ





সারাবছর, প্রতিদিন সাহাবীদের গল্প

**মাকতাবাতুল ফুরকান** কর্তৃক প্রকাশিত
১০ প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০
www.islamibooks.com
maktabfurqan@gmail.com
+8801733211499

**গ্রন্থস্বত্ব © ২০২০-২০২৩ মাকতাবাতুল ফুরকান**

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত ব্যবসায়িক উদ্দেশ্যে বইটির কোনো অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং দণ্ডনীয় অপরাধ।

দ্যা ব্ল্যাক, ঢাকা, বাংলাদেশ এ মুদ্রিত; +৮৮০১৭৩০৭০৬৭৩৫
দ্বিতীয় সংস্করণ : শাবান ১৪৪৪ / ফেব্রুয়ারী ২০২৩
প্রথম প্রকাশ : যিলহজ ১৪৪১ / আগস্ট ২০২০
প্রচ্ছদ : সিলভার লাইট ডিজাইন স্টুডিও, ঢাকা

ISBN : 978-984-94323-8-8

**মূল্য : ৳ ৬০০.০০ (ছয় শত টাকা মাত্র)**

USD 15.00

**অনলাইন পরিবেশক**
www.islamibooks.com; www.rokomari.com
www.wafilife.com

# প্রকাশকের কথা

اَلْحَمْدُ لِلّٰهِ وَكَفٰى وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى

ইসলামী কিতাবাদি বিবেচনা করলে সীরাত ও সাহাবায়ে কেরামের জীবনীর চেয়ে মূল্যবান পাথেয় কিছু আছে বলে মনে হয় না। তাদের জীবনাচরণ থেকে শিক্ষা গ্রহণ করা সাধারণ শিক্ষিতদের জন্য তুলনামূলকভাবে অনেক সহজ। তবে শিশু-কিশোরদের জন্য বিষয়টি এত সহজ নয়। বিশেষ করে সেক্যুলার শিক্ষাব্যবস্থায় দ্বীনী কিতাবাদি পড়ার খুব কমই সুযোগ পাওয়া যায়। এক্ষেত্রে পরিবারের উদাসীনতাও কাজ করে। তারপর একদিন যখন স্বেচ্ছায় দ্বীনী কিতাব পড়ার সুযোগ হয়, ততদিনে অনেক দেরি হয়ে যায়। শিশু বয়সে চরিত্র গঠনের সহজ সুযোগ আর ফিরে আসে না। অনেকে চেষ্টা-সংগ্রাম করে ফিরে এলেও বেশিরভাগই আধুনিক সময়ের স্রোতে ভেসে যায়। একসময় ইসলাম থেকেও অনেক দূরে সরে পরে। বর্তমান সমাজই এর প্রকৃষ্ট উদাহরণ।

*সারাবছর, প্রতিদিন—সাহাবাদের গল্প* এক অনন্য গল্পের বই, যা শিশু-কিশোরদের সাহাবায়ে কেরাম অর্থাৎ সর্বশেষ নবী ও রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সহচরদের রোমাঞ্চকর এবং মজাদার জীবনে নিয়ে যাবে। এতে সহজ ও সাবলীল ভাষায় সাহাবীদের ব্যক্তিগত আমল ও আখলাকের বিভিন্ন ঘটনা বর্ণনা করা হয়েছে যা যুগ যুগ ধরে মুসলিম বিশ্বে অনুসরণীয় হয়ে আছে।

প্রতিদিন শিশুরা এতে নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তাঁর প্রিয় সাহাবীদের প্রজ্ঞা সম্বলিত একটি করে নতুন গল্প পাবে যা তারা তাদের দৈনন্দিন জীবনে প্রয়োগ করার সুযোগ লাভ করবে। এভাবে আশা করা যায়, শিশুবয়স থেকেই তারা সাহাবায়ে কেরামের পদচিহ্ন অনুসরণ করে বেড়ে উঠবে এবং তাদের জীবনাচরণও হয়ে উঠবে ইসলামের বাস্তব নমুনা। তারা খুব সহজেই সমাজে আইকনে পরিণত হবে। আধুনিক সভ্যতার বিশৃঙ্খল পরিবেশ ও সংস্কৃতি তাদের কলুষিত করতে পারবে না।



তাদের বিবেক ও মনন সমৃদ্ধ হবে ঐশী আলোয়—যে আলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে এবং এর ধারা কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে। বছরের ৩৬৫ দিন বিবেচনা করে এতে ৩৬৫টি গল্প সংকলন করা হয়েছে। এর মাধ্যমে এ গ্রন্থটি শিশুদেরকে সাহাবায়ে কেরাম এবং নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিস্ময়কর দুনিয়ার সাথে পরিচয় করিয়ে দিবে।

গ্রন্থটি ইংরেজি থেকে অনুবাদ করা হয়েছে। আর এই দুরূহ কাজটি করেছেন জনাব মুহাম্মাদ তৈয়বুর রহমান। তিনি *মাকতাবাতুল ফুরকান*-এর জন্মলগ্ন থেকেই এর একজন সহযোগী এবং হিতাকাঙ্ক্ষী। অনেক বই তিনি স্বেচ্ছায় প্রুফ দেখে দিয়েছেন এবং মূল্যবান পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন। আইটি প্রফেশনে কাজ করলেও তার দ্বীনী চেতনা এবং সহিত্যিক দৃষ্টিভঙ্গি অপূর্ব। এর সঙ্গে বুযুর্গদের সোহবত তাকে আরও সমৃদ্ধ করেছে। আল্লাহ তার এই কাজকে কবুল করুন এবং ভবিষ্যতে আরও দ্বীনী খেদমত করার তাওফীক নসীব করুন।

বইটিকে ত্রুটিমুক্ত করার সার্বিক চেষ্টা করা হয়েছে। সুহৃদ পাঠকের দৃষ্টিতে কোনো অসঙ্গতি ধরা পড়লে তা জানানোর জন্য অনুরোধ করা হলো। ইনশাআল্লাহ পরবর্তী সংস্করণে তা সংশোধন করা হবে। মহান আল্লাহ তাআলা এই বইটির পাঠক, লেখক, অনুবাদক, সম্পাদক, প্রকাশক ও সংশ্লিষ্ট সবাইকে কবুল করুন, তার পথে অগ্রসর হওয়ার তাওফীক দান করুন, সবাইকে এর উসিলায় বিনা হিসেবে জান্নাত নসীব করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

**মুহাম্মাদ আদম আলী**
প্রকাশক, মাকতাবাতুল ফুরকান

২৪ যিলহজ ১৪৪১ হি.
১৫ আগস্ট ২০২০ খ্রি.

# অনুবাদকের কথা

আলহামদুলিল্লাহ। *সারাবছর, প্রতিদিন—সাহাবীদের গল্প* গ্রন্থটি প্রকাশিত হওয়ার মুহূর্তে আমি সর্বান্তকরণে মহান আল্লাহ তাআলার শোকর আদায় করছি। তিনিই অনুগ্রহ করে এ সৌভাগ্য নসীব করেছেন।

বক্ষমাণ গ্রন্থটি এ উপমহাদেশের প্রসিদ্ধ লেখক ও ইতিহাসবিদ মুহাম্মাদ খালিদ পারভেজ কর্তৃক রচিত *365 Days With Sahaba*-এর অনুবাদ। এটি শিশু-কিশোরদের জন্যই লেখা হয়েছে। বছরের ৩৬৫ দিন হিসেবে এ গ্রন্থে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিশিষ্ট সাহাবীদের মোট ৩৬৫টি প্রসিদ্ধ গল্প এতে স্থান পেয়েছে। প্রতিদিন এর একটি করেও গল্প যদি শিশুদের শোনানো বা পড়ানো যায়, তাহলে এটি তাদের চিন্তা-চেতনা বিকাশে এবং চরিত্র গঠনে সহায়ক হয়ে উঠবে ইনশাআল্লাহ। উল্লেখ্য, অনুবাদ করার সময় গ্রন্থটির আলোচ্য বিষয়ের সঙ্গে আরও তথ্য-উপাত্ত সংযোজন করা হয়েছে। পাঠকদের পাঠ-সুবিধা বিবেচনা করেই এমনটি করা হয়েছে। আশা করি, সব শ্রেণির পাঠকরাই এতে উপকৃত হবেন।

এমনিতে আমি যখন কোনো মজলিসে গল্প বলি, সবাই খুব মজা নিয়ে তা শোনে। তাই ভেবেছিলাম, গল্পের বই অনুবাদ করাটা সম্ভবত কঠিন হবে না। কিন্তু বাস্তবতা ছিল সম্পূর্ণ ভিন্ন। এক সময় নিজেকে এ কাজের অযোগ্য মনে হতে শুরু করে। যা-হোক, আল্লাহ অনেক সময় অযোগ্যদের দিয়েও কাজ নেন। তিনি দয়া করে আমাকেও গ্রন্থটির অনুবাদ শেষ করার সৌভাগ্য দিয়েছেন।

বিগত কয়েক বছরে *মাকতাবাতুল ফুরকান* ইসলামী বইয়ের জগতে একটি নতুন ধারার প্রবর্তক হিসেবে আবির্ভূত হয়েছে। এই প্রকাশনীর নাম শুনলেই চোখে ভেসে ওঠে শৈল্পিক প্রচ্ছদের মোড়কে অনন্য সব গ্রন্থসমূহ। অসাধারণ কিছু মৌলিক বইয়ের পাশাপাশি অনেক মুল্যবান অনুবাদ গ্রন্থও রয়েছে এর ভাণ্ডারে। এমন একটি স্বনামধন্য প্রকাশনা থেকে আমার অনূদিত গ্রন্থটি যে ছাপা হতে যাচ্ছে, তা একান্তই আল্লাহর মেহেরবানী।



এতে ভুল-ত্রুটি ও অসঙ্গতি যা আছে, তা সবই আমার নিজের; আর যা কিছু ভালো ও সুন্দর, সবই এ গ্রন্থের সম্পাদক ও প্রকাশক হযরত মুহাম্মাদ আদম আলী সাহেব দামাত বারাকাতুহুমের। আল্লাহ তাআলা তাকে উত্তম প্রতিদানে ভূষিত করুন।


যতই সময় গড়িয়েছে, আমার এই কাজে যারা সহযোগিতা করেছেন তাদের সংখ্যাও বেড়েছে। আমি সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। উল্লেখ্য, বইটিকে ত্রুটিমুক্ত করার সার্বিক চেষ্টা করা হয়েছে। সুহৃদ পাঠকের দৃষ্টিতে কোনো অসঙ্গতি ধরা পড়লে তা জানানোর জন্য অনুরোধ করা হলো। পরবর্তী সংস্করণে অবশ্যই তা সংশোধন করার চেষ্টা করা হবে, ইনশাআল্লাহ।

আল্লাহ তাআলা আমাদের এই চেষ্টাকে সার্বিকভাবে কবুল করুন এবং সবাইকে এই গ্রন্থ থেকে উপকার লাভের তাওফীক দান করুন। এই গ্রন্থটিকে আমার জন্য ও এর সাথে সংশ্লিষ্ট সকলের জন্য নাজাতের অসিলা বানিয়ে দিন! আমীন, ইয়া রাব্বাল আলামীন!

দুআপ্রার্থী

**মুহাম্মাদ তৈয়বুর রহমান**
আহালিয়া, উত্তরা, ঢাকা

১০ আগস্ট ২০২০



# সূচিপত্র


দিবস-১ আবু বকর আস-সিদ্দীক রা.
দিবস-২ নবীজীর শ্রেষ্ঠ বন্ধু
দিবস-৩ দাসদের মুক্তিদান
দিবস-৪ 'আস-সিদ্দীক' উপাধি
দিবস-৫ রাসূল সা.-এর প্রতি আবু বকর রা.-এর ভালোবাসা
দিবস-৬ পৃথিবীতে সম্মান ও সফলতা
দিবস-৭ সফর সঙ্গী
দিবস-৮ দুজনের দ্বিতীয়জন
দিবস-৯ বিপদের মুখোমুখি
দিবস-১০ আমার পরিবারের জন্য আল্লাহ ও তার রাসূল রয়েছেন
দিবস-১১ রাসূল সা.-এর বিদায়
দিবস-১২ ইসলামের প্রথম খলীফা
দিবস-১৩ কুরআন সংকলন
দিবস-১৪ নুয়াইম রা.-এর মুখোমুখি উমর
দিবস-১৫ দুজন বিশ্বাসী এবং উমর
দিবস-১৬ সূরা ত্ব-হা শুনে হৃদয় পরিবর্তন
দিবস-১৭ 'আল-ফারুক' উপাধি
দিবস-১৮ জীবরাঈল আ.-এর দ্বীন শিক্ষা
দিবস-১৯ খলীফা উমর রা. এবং তার ভৃত্য
দিবস-২০ উমর রা. এর ন্যায় বিচার
দিবস-২১ দাস প্রথার বিলুপ্তি
দিবস-২২ সাধারণের মতো জীবন যাপন
দিবস-২৩ খেলাফতের বোঝা
দিবস-২৪ ধনী উসমান রা.
দিবস-২৫ বিনয়ের মূর্ত প্রতীক
দিবস-২৬ রুকাইয়াহ রা.-এর সাথে বিবাহ
দিবস-২৭ দুই নূরের অধিকারী
দিবস-২৮ জান্নাতের সুসংবাদ
দিবস-২৯ একটি লাভজনক চুক্তি
দিবস-৩০ কুরআন সংকলন
দিবস-৩১ উম্মতের জন্য উদ্বেগ
দিবস-৩২ উসমান রা.-এর বিদায়
দিবস-৩৩ আলী ইবনে আবি তালিব রা.
দিবস-৩৪ ইসলামগ্রহণ করা প্রথম বালক
দিবস-৩৫ আমি এটি করতে পারব না!
দিবস-৩৬ ইসলামের গভীর জ্ঞান
দিবস-৩৭ আলী রা. এবং একজন বিচারক
দিবস-৩৮ সবার জন্য ন্যায়বিচার
দিবস-৩৯ আলী রা.-এর সরল জীবন
দিবস-৪০ সাহাবীদের প্রতি ভালোবাসা
দিবস-৪১ হাসান ইবনে আলী রা.
দিবস-৪২ শাবিহে রাসূল
দিবস-৪৩ খলীফার রক্ষীবাহিনী
দিবস-৪৪ গৃহযুদ্ধের সময় সহায়তা
দিবস-৪৫ ইসলামী খেলাফতের সমাপ্তি
দিবস-৪৬ হাসান রা. এর পাণ্ডিত্য
দিবস-৪৭ জান্নাতের যুবকদের সর্দার
দিবস-৪৮ হুসাইন ইবনে আলী রা.
দিবস-৪৯ মদীনা ত্যাগ
দিবস-৫০ হুসাইন রা. এর শাহাদাত
দিবস-৫১ মহোত্তম কুরবানি
দিবস-৫২ পায়ে পায়ে অনুসরণ
দিবস-৫৩ ঈমানের স্বাদ
দিবস-৫৪ তিনি আল্লাহর সন্তুষ্টি চেয়েছিলেন
দিবস-৫৫ তিনি মদীনায় হিজরত করেন
দিবস-৫৬ দাওয়াত এর গোপন শক্তি
দিবস-৫৭ একজন নির্ভরযোগ্য ব্যক্তি
দিবস-৫৮ খ্রিস্টানদের সাথে ইয়েমেন প্রেরণ
দিবস-৫৯ বাইআত (আনুগত্যের শপথ)
দিবস-৬০ একজন সাহসী মুসলিম
দিবস-৬১ সাধারণ জীবনযাপন
দিবস-৬২ আবু উবাইদা রা. এর জীবনাবসান
দিবস-৬৩ উবাই ইবনে কাব রা.
দিবস-৬৪ বিশেষ সম্মান
দিবস-৬৫ আরশের আয়াত
দিবস-৬৬ সূরা ফাতিহা
দিবস-৬৭ বিলাল আল-হাবশি রা.
দিবস-৬৮ আবু বকর রা. তাকে মুক্ত করেন
দিবস-৬৯ নামাযের জন্য আহ্বান
দিবস-৭০ আবদুল্লাহ রা.-এর স্বপ্ন





দিবস-৭১ ইসলামের প্রথম মুয়াযযিন
দিবস-৭২ মুআয ইবনে জাবাল রা.
দিবস-৭৩ সেরা পুরুষদের একজন
দিবস-৭৪ দ্বীনের বিস্তার
দিবস-৭৫ একজন সম্মানিত সাহাবী
দিবস-৭৬ হালাল ও হারামের বিষয়ে জ্ঞানী
দিবস-৭৭ কর আদায়কারী
দিবস-৭৮ আবদুল্লাহ ইবনে হুযাইফা রা.
দিবস-৭৯ পারস্যের দরবারে এক সাহাবী
দিবস-৮০ আল্লাহ তার রাজত্ব ছিন্ন করবেন
দিবস-৮১ সাঈদ ইবনে যায়েদ রা.
দিবস-৮২ যায়েদ রা.-এর দুআ
দিবস-৮৩ একনিষ্ঠ সাহাবী
দিবস-৮৪ প্রত্যয়দীপ্ত ঘোষণা
দিবস-৮৫ জান্নাত তার জন্য আকুল
দিবস-৮৬ আবু আইয়ুব আনসারী রা.
দিবস-৮৭ রাসূল সা.-এর প্রত্যাশায় মদীনা
দিবস-৮৮ নবীজীর মদীনায় প্রবেশ
দিবস-৮৯ নবীজীর মেজবান
দিবস-৯০ নবীজীকে উপরের তলায় স্থানান্তর
দিবস-৯১ আবু যর আল-গিফারী রা.
দিবস-৯২ জানার জন্য উদগ্রীব
দিবস-৯৩ আলী রা.-এর সাথে সাক্ষাত
দিবস-৯৪ গোপন কথা প্রকাশ
দিবস-৯৫ কাবায় শাহাদাহ-এর ঘোষণা
দিবস-৯৬ যারা শিরক না করে মৃত্যুবরণ
দিবস-৯৭ সুমামা ইবনে উসাল রা.
দিবস-৯৮ মুসলিমদের হাতে বন্দী
দিবস-৯৯ একজন বন্দীর চিকিৎসা
দিবস-১০০ সুমামা রা.-এর ইসলামগ্রহণ
দিবস-১০১ সুহাইব ইবনে সিনান রা.
দিবস-১০২ সুহাইব রা.-এর ইসলামগ্রহণ
দিবস-১০৩ তিনি মক্কা ত্যাগ করলেন
দিবস-১০৪ সমস্ত সম্পদ বিকিয়ে দিলেন
দিবস-১০৫ একটি লাভজনক দর কষাকষি
দিবস-১০৬ সাদ ইবনে আবি ওয়াক্কাস রা.
দিবস-১০৭ সাদ রা. ও তার মা
দিবস-১০৮ পিতামাতার প্রতি দয়া
দিবস-১০৯ সালমান আল ফারসি রা.
দিবস-১১০ সালমান রা. আরবে পৌঁছলেন
দিবস-১১১ নবীজীর সাথে সাক্ষাত
দিবস-১১২ দাসত্ব থেকে মুক্তি
দিবস-১১৩ আহলে বাইতের অন্তর্ভুক্ত
দিবস-১১৪ কল্যাণের প্রতীক
দিবস-১১৫ আবু হুরাইরা রা.
দিবস-১১৬ তার মায়ের ইসলামগ্রহণ
দিবস-১১৭ সর্বাধিক হাদীস স্মরণ রেখেছেন
দিবস-১১৮ উত্তরাধিকার সম্পত্তি
দিবস-১১৯ বাহরাইনের গভর্নর
দিবস-১২০ তুফাইল ইবনে আমর রা.
দিবস-১২১ তুলার টুকরা
দিবস-১২২ তুফাইল রা. ইসলামগ্রহণ করেন
দিবস-১২৩ তার সম্প্রদায়ের মধ্যে দাওয়াত
দিবস-১২৪ হুযাইফা ইবনুল ইয়ামান রা.
দিবস-১২৫ গোপনীয়তা রক্ষাকারী
দিবস-১২৬ একটি গোপন মিশন
দিবস-১২৭ নিভৃতে পরিদর্শন
দিবস-১২৮ তিনি প্রতিশ্রুতি রক্ষা করেছিলেন
দিবস-১২৯ কৌশলে মন্দ পারহার করা
দিবস-১৩০ হামযাহ রা.
দিবস-১৩১ একটি গৌরবোজ্জল জীবন
দিবস-১৩২ আবদুল্লাহ ইবনে মাসউদ রা.
দিবস-১৩৩ নবীজীর বিশেষ নিকটতম
দিবস-১৩৪ একটি ঝুঁকিপূর্ণ কাজ
দিবস-১৩৫ কুরআন তিলাওয়াত
দিবস-১৩৬ মন্ত্র পড়া শিরক
দিবস-১৩৭ একজন শিক্ষিত মানুষ
দিবস-১৩৮ মেয়েদের জন্য উত্তরাধিকার
দিবস-১৩৯ আব্দুল্লাহ ইবনে উমর রা.
দিবস-১৪০ কুরআন বোঝার শক্তি
দিবস-১৪১ আল্লাহর ভয়
দিবস-১৪২ হাদীস বর্ণনার ক্ষেত্রে সতর্ক
দিবস-১৪৩ বিচারকগণ হয় তিন প্রকারের
দিবস-১৪৪ এতিম ও দরিদ্রদের সাহায্য
দিবস-১৪৫ অত্যাচারের বিরুদ্ধে সাহসী
দিবস-১৪৬ সাঈদ ইবনে আমির রা.
দিবস-১৪৭ রাজ্যপাল-এর জবাব
দিবস-১৪৮ দরবেশের মতো জীবনযাপন
দিবস-১৪৯ জুলুম অত্যাচার অব্যাহত
দিবস-১৫০ একটি আয়াত নাযিল হয়েছিল
দিবস-১৫১ বিশিষ্টদের মধ্যে
দিবস-১৫২ উবাদা ইবনে সামিত রা.

দিবস-১৫৩ সুফফার সদস্যদের শিক্ষাদান
দিবস-১৫৪ উত্তম জোট
দিবস-১৫৫ ইসলামী শিক্ষার প্রচার-প্রসার
দিবস-১৫৬ শহীদ কারা?
দিবস-১৫৭ উসমান ইবনে মাজ'উন রা.
দিবস-১৫৮ আল্লাহপ্রদত্ত নিরাপত্তা
দিবস-১৫৯ সম্পূর্ণরূপে সমর্পিত এক জীবন
দিবস-১৬০ সম্পদ এবং তাকওয়া
দিবস-১৬১ যায়েদ ইবনে হারিসা রা.
দিবস-১৬২ নবীজীর পালক পুত্র
দিবস-১৬৩ একটি গুরুত্বপূর্ণ ওহী
দিবস-১৬৪ একটি মহিমান্বিত মৃত্যু
দিবস-১৬৫ জাফর ইবনে আবি তালিব রা.
দিবস-১৬৬ মুসলিমদের প্রতিনিধিত্ব করেন
দিবস-১৬৭ আমার রাজ্যে প্রবেশ কর
দিবস-১৬৮ গরিবের পিতা
দিবস-১৬৯ খালিদ ইবনে ওয়ালিদ রা.
দিবস-১৭০ খালিদ রা. মদীনায় হিজরত
দিবস-১৭১ কায়েস ইবনে সা'দ রা.
দিবস-১৭২ উমাইর ইবনে ওয়াহাব রা.
দিবস-১৭৩ একটি জাদুকরী বিবৃতি
দিবস-১৭৪ পাগড়ি-নিরাপত্তার একটি নিশান
দিবস-১৭৫ সাফওয়ান রা. নবীজীর নিকট
দিবস-১৭৬ আবু দারদা রা.
দিবস-১৭৭ আল্লাহর স্মরণ
দিবস-১৭৮ দামেস্কে এক শিক্ষক
দিবস-১৭৯ পাপকে ঘৃণা কর, পাপীকে নয়
দিবস-১৮০ তালহা ইবনে উবাইদুল্লাহ রা.
দিবস-১৮১ দানশীল তালহা রা.
দিবস-১৮২ জান্নাতে রাসূলের প্রতিবেশী
দিবস-১৮৩ যুবাইর ইবনুল আওয়াম রা.
দিবস-১৮৪ একজন অনুগত মুসলিম
দিবস-১৮৫ খুবাইব ইবনে আদি রা.
দিবস-১৮৬ মক্কায় শহীদ হন
দিবস-১৮৭ খাব্বাব ইবনে আল আরত রা.
দিবস-১৮৮ মনিবের অত্যাচার
দিবস-১৮৯ তিনি মদীনায় হিজরত করলেন
দিবস-১৯০ মুহাম্মাদ ইবনে মাসলামা রা.
দিবস-১৯১ গভর্নরদের উপর নজরদারি
দিবস-১৯২ যায়েদ ইবনে সাবিত রা.
দিবস-১৯৩ নবীজীর পক্ষে চিঠি লিখতেন
দিবস-১৯৪ কুরআনের একজন লেখক
দিবস-১৯৫ কুরআনের সংকলক
দিবস-১৯৬ উসমান রা. এর সময় কুরআন
দিবস-১৯৭ একটি গুরুত্বপূর্ণ স্বপ্ন
দিবস-১৯৮ একজন নম্র মুসলিম
দিবস-১৯৯ সম্পর্কের উপরে খোদাভীতি
দিবস-২০০ আব্বাস রা.
দিবস-২০১ অঝোর ধারায় বৃষ্টিপাত
দিবস-২০২ বারা ইবনে মালিক রা.
দিবস-২০৩ উতবা ইবনে গাজওয়ান রা.
দিবস-২০৪ বসরা প্রতিষ্ঠা
দিবস-২০৫ সাবিত ইবনে কায়েস রা
দিবস-২০৬ ভবিষ্যদ্বাণীপূর্ণ কথা
দিবস-২০৭ উসাইদ ইবনে হুযাইর রা.
দিবস-২০৮ সাকিফার বাড়ি
দিবস-২০৯ কুরআন তিলাওয়াত
দিবস-২১০ আবদুর রহমান রা.
দিবস-২১১ মুক্তহস্তে দান
দিবস-২১২ আবদুল্লাহ ইবনে আমর রা.
দিবস-২১৩ আমর ইবনুল জামুহ রা.
দিবস-২১৪ তিনি ইসলামগ্রহণ করলেন
দিবস-২১৫ হাবীব ইবনে যায়েদ রা.
দিবস-২১৬ ইয়ামামায় শহীদ
দিবস-২১৭ সাদ ইবনে মুআয রা.
দিবস-২১৮ বিখ্যাত কথা
দিবস-২১৯ বনু কুরাইযার ছলনা
দিবস-২২০ দৃঢ় বিশ্বাস
দিবস-২২১ তার জন্য রাসূলের দুআ
দিবস-২২২ সা'দ ইবনে উবাদা রা.
দিবস-২২৩ অনুকরণীয় উদারতা
দিবস-২২৪ আনসার এবং গণীমতের মাল
দিবস-২২৫ আনসারদের উদ্দেশ্যে রাসূল সা.
দিবস-২২৬ এক বিশিষ্ট দম্পতির পুত্র
দিবস-২২৭ প্রিয়পাত্রদের একজন
দিবস-২২৮ উসামা রা.-এর উপর নবীর রাগ
দিবস-২২৯ আলী রা.-কে লেখা চিঠি
দিবস-২৩০ আবদুল্লাহ ইবনে যুবাইর রা.
দিবস-২৩১ দৃষ্টান্তমূলক চরিত্রের একজন
দিবস-২৩২ হাজ্জাজের বিরুদ্ধে লড়াই
দিবস-২৩৩ উম্মতের বিজ্ঞ আলেম
দিবস-২৩৪ তরুণ নেতা





দিবস-২৩৫ আল্লাহর প্রতি নিবেদিত সত্তা
দিবস-২৩৬ আল্লাহর ভয়
দিবস-২৩৭ ইবনে উম্মে মাকতুম রা.
দিবস-২৩৮ সূরা আবাসা
দিবস-২৩৯ পুনরায় আয়াত নাযিল হলো
দিবস-২৪০ আনাস ইবনে মালিক রা.
দিবস-২৪১ রাসূল সা.-এর খাদেম
দিবস-২৪২ মুনাফেকী (কপটতা) কী?
দিবস-২৪৩ হাতিব ইবনে আবী বালতাআ রা.
দিবস-২৪৪ আবদুল্লাহ ইবনে সুহাইল রা.
দিবস-২৪৫ উকাশা ইবনে মিহসান রা.
দিবস-২৪৬ আবদুল্লাহ ইবনে আমর রা.
দিবস-২৪৭ আবু মুসা আল আশআরী রা.
দিবস-২৪৮ যাদুকরী কণ্ঠ
দিবস-২৪৯ আবু সুফিয়ান ইবনে হারিস রা.
দিবস-২৫০ আব্বাদ ইবনে বিশর রা.
দিবস-২৫১ কুরআন তিলাওয়াত
দিবস-২৫২ আবদুল্লাহ ইবনে সালাম রা.
দিবস-২৫৩ হাদীস সম্পর্কে বিজ্ঞ
দিবস-২৫৪ আবু লুবাবা রা.
দিবস-২৫৫ লক্ষনীয় প্রায়শ্চিত্ত
দিবস-২৫৬ আবুল আস ইবনে রাবী রা.
দিবস-২৫৭ ইসলামে প্রত্যাবর্তন
দিবস-২৫৮ আবু সাঈদ আল-খুদরী রা.
দিবস-২৫৯ সূরা ফাতিহা
দিবস-২৬০ তার সময়ের সর্বশ্রেষ্ঠ ফকীহ
দিবস-২৬১ মধু রোগ নিরাময়কারী
দিবস-২৬২ আলা আল-হাদারামি রা.
দিবস-২৬৩ দিহইয়া কালবি রা.
দিবস-২৬৪ হাকিম ইবনে হাযাম রা.
দিবস-২৬৫ সদয় উপদেশ
দিবস-২৬৬ আবদুল্লাহ ইবনে জাহাশ রা.
দিবস-২৬৭ নবীজী যুদ্ধের নিন্দা করেছেন
দিবস-২৬৮ আয়াত নাযিল
দিবস-২৬৯ আল্লাহর কাছে দুআ
দিবস-২৭০ নুমান ইবনে মুকরিন রা.
দিবস-২৭১ সম্রাট ইয়াযদগিরদের দরবারে
দিবস-২৭২ নুয়াইমান ইবনে আমর রা.
দিবস-২৭৩ নিষ্পাপ কৌতুক
দিবস-২৭৪ ফিরোজ আদ-দাইলামী রা.
দিবস-২৭৫ একটি বীরত্বপূর্ণ কাজ
দিবস-২৭৬ যায়েদ ইবনুল খাত্তাব রা.
দিবস-২৭৭ ঘোড়ার চেয়েও দ্রুতগামী
দিবস-২৭৮ আয়াত নাযিল হলো
দিবস-২৭৯ বুরাইদাহ ইবনে হুসায়েব রা.
দিবস-২৮০ আমির ইবনে ফুহাইরা রা.
দিবস-২৮১ উবাইদা ইবনে হারিস রা.
দিবস-২৮২ শাম্মাস ইবনে উসমান রা.
দিবস-২৮৩ শুজা ইবনে ওয়াহাব রা.
দিবস-২৮৪ মিহরায ইবনে নাদলা রা.
দিবস-২৮৫ শাকরান সালেহ রা.
দিবস-২৮৬ উমাইর রা.
দিবস-২৮৭ আমির ইবনে রাবীআ রা.
দিবস-২৮৮ হুবাব ইবনে মুনযির রা.
দিবস-২৮৯ আবুল ইউসর কাব রা.
দিবস-২৯০ আবু তালহা আনসারী রা.
দিবস-২৯১ আল্লাহর উপর ভরসা
দিবস-২৯২ আবু মাসউদ বদরী রা.
দিবস-২৯৩ আবু কাতাদা রা.
দিবস-২৯৪ কোমল স্বভাবের
দিবস-২৯৫ আবু দুজানা রা.
দিবস-২৯৬ আবুল হাইসাম রা.
দিবস-২৯৭ আল্লাহর নেয়ামত
দিবস-২৯৮ আসাদ ইবনে যুরারা রা.
দিবস-২৯৯ তাদের অভিভাবক হিসেবে নবী
দিবস-৩০০ আবু কায়স সারমাহ রা.
দিবস-৩০১ উসাইরাম আবদুল আশআল রা.
দিবস-৩০২ আবু হুমাইদ সাদী রা.
দিবস-৩০৩ উসমান ইবনে হানিফ রা.
দিবস-৩০৪ প্রশাসকদের বেতন
দিবস-৩০৫ আবদুল্লাহ ইবনে আবদুল্লাহ রা.
দিবস-৩০৬ তামিম দারী রা.
দিবস-৩০৭ পুরস্কারের জন্য সাধনা
দিবস-৩০৮ আবদুল্লাহ ইবনে উনাইস জুহানী
দিবস-৩০৯ শাদ্দাদ ইবনে আওস রা.
দিবস-৩১০ প্রদর্শন প্রবৃত্তি শিরক
দিবস-৩১১ উমাইর ইবনে সাদ রা.
দিবস-৩১২ তাবুক অভিযান
দিবস-৩১৩ আয়াত নাযিল হলো
দিবস-৩১৪ ইসলাম একটি সুরক্ষা প্রাচীর
দিবস-৩১৫ আবু রাফি রা.
দিবস-৩১৬ উকবাহ রা.


দিবস-৩১৭ সালিম মাওলা আবি হুযাইফা রা.
দিবস-৩১৮ আবু হুযাইফা রা.
দিবস-৩১৯ আদি ইবনে হাতিম রা.
দিবস-৩২০ আদি রা. ইসলামগ্রহণ করেন
দিবস-৩২১ সর্বদা ওযু অবস্থায় থাকতেন
দিবস-৩২২ পবিত্র তাহিরা
দিবস-৩২৩ প্রথম মুসলিম
দিবস-৩২৪ জিবরাঈল আ.-এর শুভেচ্ছা
দিবস-৩২৫ সুখী পরিবার
দিবস-৩২৬ শরণার্থী শিবিরে তাঁবুর ঘর
দিবস-৩২৭ নারীদের সেরা
দিবস-৩২৮ আয়েশা সিদ্দীকা রা.
দিবস-৩২৯ নবীজীর সাথে বিবাহ
দিবস-৩৩০ স্বামীর ঘরে যাওয়ার অনুষ্ঠান
দিবস-৩৩১ সাধারণ জীবনযাপন
দিবস-৩৩২ প্রখর বুদ্ধি
দিবস-৩৩৩ শিক্ষকগণেরও শিক্ষক
দিবস-৩৩৪ উম্মুল মুমিনীন
দিবস-৩৩৫ সাওদা বিনতে যামআ রা.
দিবস-৩৩৬ একজন ধর্মপরায়ণ নারী
দিবস-৩৩৭ মায়মুনা রা.
দিবস-৩৩৮ একটি অবিশ্বাস্য পরিসমাপ্তি
দিবস-৩৩৯ হাফসা বিনতে উমর রা.
দিবস-৩৪০ কুরআনের প্রথম কপি
দিবস-৩৪১ উম্মে সালামা রা.
দিবস-৩৪২ মদীনায় পৌঁছলেন
দিবস-৩৪৩ আবু সালামা রা.-এর ইন্তেকাল
দিবস-৩৪৪ রাসূল সা.-এর সাথে বিবাহ
দিবস-৩৪৫ উম্মে সালামা রা. এর পরামর্শ
দিবস-৩৪৬ উম্মে হাবিবা রা.
দিবস-৩৪৭ নবীজীর মাদুর
দিবস-৩৪৮ গরিবের মা
দিবস-৩৪৯ যায়নাব বিনতে জাহাশ রা.
দিবস-৩৫০ জুয়াইরিয়া ইবনে হারিস রা.
দিবস-৩৫১ আসমা বিনতে আবু বকর রা.
দিবস-৩৫২ যাতুন নিতাকাইন
দিবস-৩৫৩ গর্বিত মা
দিবস-৩৫৪ উম্মে হানী রা.
দিবস-৩৫৫ সাফিয়া রা.
দিবস-৩৫৬ উম্মুল ফযল রা.
দিবস-৩৫৭ হুসাইন রা.-কে পালন
দিবস-৩৫৮ ফাতিমা বিনতে আল-খাত্তাব রা.
দিবস-৩৫৯ আসমা বিনতে উমাইস রা.
দিবস-৩৬০ দুজন খলীফার সাথে বিবাহ
দিবস-৩৬১ ফাতিমা বিনতে মুহাম্মাদ সা.
দিবস-৩৬২ মহান প্রতিপালন
দিবস-৩৬৩ ফাতিমা রা.-এর বিয়ে
দিবস-৩৬৪ ফাতিমা রা. এর কষ্ট
দিবস-৩৬৫ রাসূল সা.-এর নাতনী



আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণকে ভালোবাসি। তাদের কারও ভালোবাসায় সীমালঙ্ঘন করি না এবং তাদের কারও প্রতি অভক্তি বা সম্পর্কহীনতা ঘোষণা করি না। যারা সাহাবীগণকে বিদ্বেষ করে বা ঘৃণা করে বা ভালোভাবে ছাড়া তাদের উল্লেখ করে, আমরা তাদেরকে ঘৃণা করি। আমরা তাদেরকে ভালো কথা ছাড়া উল্লেখ করি না। তাদেরকে ভালোবাসা দ্বীন, ঈমান ও ইহসান। আর তাদেরকে বিদ্বেষ বা ঘৃণা করা কুফর, নিফাক ও অবাধ্যতা।...যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ, তাঁর নিষ্কলুষ সহধর্মিনী ও পূত-পবিত্র নির্মল বংশধরগণ সম্পর্কে উত্তম মন্তব্য করল, সে নিফাক থেকে মুক্ত হলো।...আর যে ব্যক্তি তাদের সম্পর্কে কটুক্তি বা বিরূপ মন্তব্য করে, সে ভ্রান্ত পথের অনুসারী।

—তাহাবী, *আল-আকিদাহ*, পৃ. ১৮-১৯





দিবস–১

## আবু বকর আস-সিদ্দীক রা.

আবু বকর রাযিয়াল্লাহু আনহু ছিলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সবচেয়ে প্রিয় ও সর্বশ্রেষ্ঠ সাহাবী। ৬৩২ খ্রিস্টাব্দে রাসূলের ইন্তেকালের পর ইসলামের প্রথম খলীফা। তিনি ছিলেন মক্কার কুরাইশ বংশের এক সম্ভ্রান্ত পরিবারের সন্তান। তার বাবা উসমান (আবু কুহাফা) ছিলেন একজন প্রভাবশালী ব্যক্তি। আর তার মা সালমা বিনতে সাখার (উম্মুল খাইর) ছিলেন কুরাইশের বনু তাইম গোত্রের।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের দুবছর পর ৫৭৩ খ্রিস্টাব্দে আবু বকর রাযিয়াল্লাহু আনহুর জন্ম হয়। সম্পদশালী পরিবারের হওয়া সত্ত্বেও তিনি নিয়ন্ত্রিত জীবন যাপন করতেন। তিনি ছিলেন সত্যবাদী এবং বিশ্বস্ত। জাহেলী যুগেও কখনো মদ পান করেননি এবং কোনো মূর্তিকেও সিজদা করেননি। তিনি একজন সফল ব্যবসায়ী ছিলেন। ব্যবসায় স্বচ্ছতা ও উদারতার জন্য সবার কাছে খুব সম্মানিত ছিলেন।

শৈশব থেকেই আবু বকর রাযিয়াল্লাহু আনহু এবং নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একে অপরকে জানতেন। কাছাকাছি বয়স হওয়ার কারণে তাদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। উভয়েই তাদের বংশানুক্রম সাতপুরুষ পর্যন্ত বর্ণনা করতে পারতেন। ৬১০ ঈসায়ীর রমাযান মাসে নবীজী আল্লাহর পক্ষ হতে প্রথম ওহী লাভ করেন এবং নবুওয়াতপ্রাপ্ত হন। তিনি তা আবু বকরকে জানান। আর সঙ্গে সঙ্গে আবু বকর তা বিশ্বাস করেন। কারণ তিনি জানতেন, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন 'সাদিক'—সত্যবাদী।



আবু বকর রাযিয়াল্লাহু আনহু নবীজীর কথায় কখনো সন্দেহ প্রকাশ করেননি এবং তার ওপর প্রেরিত সত্যকে আন্তরিকভাবে বিশ্বাস করেছেন। কোনো প্রকার দ্বিধা-দ্বন্দ্ব ছাড়াই তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেন।

দিবস–২

## নবীজীর শ্রেষ্ঠ বন্ধু

ইসলাম ও নবীজীকে রক্ষায় আবু বকর রাযিয়াল্লাহু আনহু কখনো নিজের জীবনের পরোয়া করেননি। এ বিষয়ে ইতিহাসে অনেক ঘটনা রয়েছে। একবার নবীজী কাবা চত্বরে ইবাদতরত ছিলেন। তখন উকবা ইবনে আবি মুয়ীত কাছে এসে কাপড় দিয়ে নবীজীর ঘাড় পেঁচিয়ে সজোরে গলায় ফাঁস দেওয়ার চেষ্টা করে। আবু বকর রাযিয়াল্লাহু আনহু তখন দৌড়ে রাসূলের কাছে আসেন। এক ধাক্কায় উকবা ইবনে মুআইতকে সরিয়ে দেন এবং চিৎকার করে বলেন, 'তুমি কি একজন মানুষকে শুধুমাত্র এই কারণে হত্যা করবে যে, তিনি বলেন—আল্লাহ তাঁর প্রভু?'

এতে কুরাইশরা ক্ষিপ্ত হয়ে আবু বকর রাযিয়াল্লাহু আনহুর উপর ঝাঁপিয়ে পড়ে। তাকে নির্মমভাবে আঘাত করতে থাকে। দিনশেষে আবু বকর রাযিয়াল্লাহু আনহুকে যখন বাড়িতে নেওয়া হয়েছিল, তখন তিনি ছিলেন অচেতন, সংজ্ঞাহীন। তার দেহের এমন কোনো স্থান বাকি ছিল না যেখানে আঘাত করা হয়নি এবং তার জামা-কাপড় রক্তে ভিজে গিয়েছিল।

যা-হোক, কুরাইশদের বিরোধিতা ও হয়রানি সত্ত্বেও আবু বকর রাযিয়াল্লাহু আনহু ভীত হয়ে পড়েননি। সারাজীবন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঘনিষ্ঠ সাহাবী হয়ে ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার বলেন, 'আমার নিকট আবু বকরের থেকে সেরা কোনো সাথী নেই।'

আবু বকর রাযিয়াল্লাহু আনহু অনেক প্রভাবশালী ব্যক্তিদের ইসলাম ধর্ম গ্রহণে অনুপ্রাণিত করেন। উসমান ইবনে আফফান, আব্দুর রহমান ইবনে আওফ, সাদ ইবনে আবি ওয়াক্কাস, আবু উবাইদাহ, আবু সালামা, যুবাইর ইবনে আওয়াম, তালহা ইবনে উবাইদুল্লাহ রাযিয়াল্লাহু আনহুমসহ আরও অনেকে আবু বকর রাযিয়াল্লাহু আনহুর দাওয়াতে ইসলামগ্রহণ করেন।